

Times Today BD

মঙ্গলবার ইসলাম | দেশজুড়ে | 15 May, 2025

ময়মনসিংহের হালুয়াঘাটে ডোবার পানিতে ডুবে দুই শিশু মৃত্যুর ঘটনা ঘটেছে। বুধবার (১৪ মে) সন্ধ্যায় উপজেলার গোপীনগর গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, ওই গ্রামের শহীদ মিয়ার মেয়ে সাদিয়া (৭) ও জাকির হোসেনের ছেলে আলিফ মাহমুদ (৬)। সম্পর্কে তারা মামাতো ও ফুপাতো ভাই-বোন।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, দুপুরে বাড়ির পাশে ডোবার পানিতে খেলাধুলা করছিল ওই দুই শিশু। বিকাল গড়িয়ে সন্ধ্যা হলেও পরে বাড়িতে না ফেরায় তাদের খুঁজতে শুরু করেন স্বজনরা। একপর্যায়ে তাদের মরদেহ ডোবায় ভাসতে দেখে স্থানীয়রা উদ্ধার করে তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।

হালুয়াঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাজন চন্দ্র পাল বিষয়টি নিশ্চিত করেছেন তিনি বলেন, এই ঘটনায় থানায় অপমৃত্যু মামলা হবে।

ময়মনসিংহ শিশু মৃত্যু দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 04:50

URL: <https://timestodaybd.com/public/across-the-country/2498775807>